## প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ১৩/০১/২০২৬

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (ব্রাকসু) ও হল শিক্ষার্থী সংসদ নির্বাচন-২০২৫ অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচনী পুনঃতফসিল ঘোষণা করা হয়েছিল। কিন্তু আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের কার্যক্রমকে যে কোন ধরনের প্রভাবমুক্ত রাখার লক্ষ্যে বাংলাদেশ নির্বাচন কমিশনের দিকনির্দেশনার আলোকে দেশের সকল পেশাজীবী সংগঠনের নির্বাচন, শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের সকল প্রকার নির্বাচন, বণিক সমিতির নির্বাচন, সমবায় সমিতির নির্বাচন, ট্রেড ইউনিয়নের নির্বাচনসহ সকল সংগঠনের **নির্বাচন আয়োজন ১২ ফেব্রুয়ারি ২০২৬** তারিখ পর্যন্ত স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে (স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২৫-২৬, তারিখ: ১২ জানুয়ারি ২০২৬)। উক্ত নির্দেশনা জাতীয় সংসদ নির্বাচন পরিচালনায় আইনগত বাধ্যবাধকতা, প্রশাসনিক শৃঙ্খলা ও সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি রক্ষার স্বার্থে প্রণীত হওয়ায়, উহার প্রতি পূর্ণ সম্মান প্রদর্শন এবং অনুসরণ করা সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের জন্য আবশ্যক। অতএব, বাংলাদেশ নির্বাচন কমিশন এর নির্দেশনার প্রতি শ্রদ্ধা জানিয়ে এবং জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়, রংপুর হতে প্রেরিত পত্রের (স্মারক নং: ০৫.৫৫.৮৫০০.০০০.০০৬.১০.০০১১.২৬.৫৯, তারিখ: ১৩ জানুয়ারি ২০২৬) প্রেক্ষিতে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর ব্রাকসু ও হল শিক্ষার্থী সংসদ নির্বাচন-২০২৫ সংক্রান্ত চলমান সকল নির্বাচনী কার্যক্রম সাময়িকভাবে স্থগিত ঘোষণা করা হলো।

জাতীয় সংসদ নির্বাচন সম্পন্ন হওয়ার পর এবং প্রাসঙ্গিক কর্তৃপক্ষের দিকনির্দেশনার আলোকে নির্বাচন কমিশন কর্তৃক পরবর্তী সময়ে নতুন তফসিল প্রণয়ন ও নির্বাচনী কার্যক্রম পুনরায় আরম্ভ করা সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে অবহিত করা হবে। সবাইকে ধন্যবাদ।

13.01.26

মোঃ মাসুদ রানা
প্রধান নির্বাচন কমিশনার (ভারপ্রাপ্ত)
ব্রাকসু ও হল শিক্ষার্থী সংসদ নির্বাচন-২০২৫
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

CamScanner